

কাকাকে সুবিধা পাবে
দাঁড়িয়েছেন উনি। এতে কিছু যায়
আসবে না।”

আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে বিশ্ববিদ্যালয়

বর্ধমান: প্রাণিবিদ্যা বিষয়ে এক
আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে দেশজুড়ে
২৯তম, এশিয়ায় ৩৩৬তম এবং
পশ্চিমবঙ্গে তৃতীয় স্থানে রয়েছে বর্ধমান
বিশ্ববিদ্যালয়ের জুলজি বিভাগ।
পাশাপাশি, সামগ্রিক বিশ্ববিদ্যালয়ের
র‍্যাঙ্কিংয়েও প্রতিষ্ঠানটি বিশ্বে
২৬৯২তম, এশিয়ায় ৮৫৩তম, ভারতে
৭৫তম এবং পশ্চিমবঙ্গে ষষ্ঠ স্থানে
রয়েছে। EduRank.org নামে এক
স্বাধীন প্ল্যাটফর্মের গবেষণা প্রকাশ,
উদ্ধৃতি সংখ্যা, অ্যাকাডেমিক প্রভাব ও
প্রাক্তনীদের সাফল্যের ভিত্তিতেই এই
মূল্যায়ন করা হয়েছে।

বিজ্ঞান অনুষদের ডিন অভিজিৎ
মজুমদারের বক্তব্য, “জুলজি
বিভাগের এই সাফল্য অত্যন্ত
উল্লেখযোগ্য।” উপাচার্য শঙ্করকুমার
নাথ বলেন, “বিশ্ববিদ্যালয়ের পুরনো
এই বিভাগ বহু যোগ্য শিক্ষক ও
স্কলারের কাজের ফলেই এই সাফল্য
এসেছে।”